

## এমপিওভুক্তির দাবিতে কাফনের কাপড় বেধে শিক্ষকদের কর্মসূচি

ইত্তেফাক রিপোর্ট

এমপিওভুক্তির দাবিতে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন জাতীয় প্রেসক্রাবের সামনে গতকাল মঙ্গলবার মাথায় কাফনের কাপড় বেধে অবস্থান কর্মসূচি পালন করেছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে নিম্ন-মাধ্যমিক মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, কারিগরি ও মাদরাসার স্বীকৃতিপ্রাপ্ত সকল নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা চলতি বছরের গত ২৬ অক্টোবর থেকে টানা আন্দোলন শুরু করে।

গতকাল অবস্থান কর্মসূচিতে সংহতি জানিয়ে বক্তব্য দেন শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য ও সংসদ সদস্য এম.এম আবুল কালাম আজাদ। তিনি প্রধানমন্ত্রীর সাথে শিক্ষক-কর্মচারীদের দূর্দশা নিয়ে আলোচনা হয়েছে বলে শিক্ষকদের অবহিত করেন। তিনি নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশনের সাথে প্রধানমন্ত্রীর মাফাতের ব্যবস্থা করবেন বলেও শিক্ষকদের আশ্বাস দেন।

কর্মসূচিতে সংহতি প্রকাশ করে আরো বক্তব্য দেন বাংলাদেশ শিক্ষক কর্মচারী মহা ঐক্যজোটের সভাপতি বাসির উদ্দিন, বাংলাদেশ ওয়ার্কার্স পার্টির প্রেসিডিয়াম সদস্য ইকবাল কবির জাহিদ, অম-বন্ধ, বাসস্থান, চিকিৎসা, শিক্ষা, কর্মসংস্থান ও নিরাপত্তার চেয়ারম্যান মোস্তাক আহমদ ভাসানী প্রমুখ। বক্তারা অবিলম্বে এমপিওভুক্তির ন্যায্য দাবি মেনে নিতে সরকারের প্রতি আহ্বান জানান।

সাধারণ সম্পাদক অধ্যক্ষ তাপস কুমার কুকু জানান, বর্তমান সরকার শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে সফলতার দাবি করেন। নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা এই সফলতার অংশীদার। কাজেই এ সকল শিক্ষা প্রতিষ্ঠান অবিলম্বে এমপিওভুক্ত করা সরকারের নৈতিক দায়িত্ব। এমপিওভুক্তির দাবি না আদায় হওয়া পর্যন্ত মাথায় কাফনের কাপড় বেধে প্রতিবাদ কর্মসূচি অব্যাহত রাখার ঘোষণা দেন ফেডারেশনের সভাপতি অধ্যক্ষ মো. এশরত আলী।